অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/20/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

চলতে থাকা COVID-19 অতিমারীর মধ্যে, গভর্নর কুওমো অপরিহার্য পরিষেবা প্রদানকারী সরকারী কর্মচারিদের তাদের জীবনের ঝুঁকি নিয়ে কাজ করার জন্য যুক্তরাষ্ট্র প্রশাসনকে অতিরিক্ত অর্থ প্রদান করার আহ্বান জানিয়েছেন

হেলথ কেয়ার পরিষেবা সম্প্রসারিত করতে এবং নিউইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (NYCHA)আবাসিকদের পরীক্ষার জন্য রেডি রেসপন্ডারদের সাথে নতুন অংশীদারীত্ব শুরু করা হয়েছে

সরকারি হাউজিং কইমিউনিটিগুলিকে স্টেট 500,000 কাপড়ের মাস্ক এবং 10,000 গ্যালনের বেশি হ্যান্ড স্যানিটাইজার প্রদান করবে

স্টেট একবার এই নিশ্চল অবস্থা থেকে বেরিয়ে এলে ডাউনস্টেট নিউইয়র্কে সিস্টেমগুলির উন্নতি করতে রিইমেজিং নিউইয়র্ক টাস্ক ফোর্স তৈরির কথা ঘোষণা করেছেন

যে সমস্ত শিক্ষার্থীদের তাদের স্প্রিং সেমিস্টার কোর্সওয়ার্ক সম্পূর্ণ করার জন্য প্রয়োজন তাদের জন্য স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক সিস্টেম (SUNY) 8,800 এরও বেশি ল্যাপটপ এবং ক্রোমবুক বিতরণ করার কথা ঘোষণা করেছেন

নিউ ইয়র্ক স্টেটে আরো 4,726টি করোনাভাইরাসের ঘটনা নিশ্চিত করে - যা রাজ্যব্যাপী মোট আক্রান্তের সংখ্যাকে 247,512-তে নিয়ে আসে; 40 কাউন্টিতে নতুন কেস

চলতে থাকা COVID-19 অতিমারীর মধ্যে, গভর্নর অ্যান্ড্রু এম.কুওমো আজ অপরিহার্য পরিষেবা প্রদানকারী সরকারী কর্মচারি যারা ঝুঁকির সামনের সারিতে আছেন তাদের জন্য যুক্তরাষ্ট্র প্রশাসনকে 50 শতাংশ বোনাস প্রদান করার প্রস্তাব রেখেছেন অর্থনৈতিক এবং নীতি গবেষণা কেন্দ্রের (Center for Economic and Policy Research) প্রদত্ত তথ্য অনুযায়ী, সামনের সারিতে থেকে কাজ করা কর্মীদের মধ্যে 41 শতাংশ অশ্বেতাঙ্গ। সেইসকল সামনের সারির কর্মীদের মধ্যে, 45 শতাংশ সরকারি পরিবহন কর্মী, 57 শতাংশ বিল্ডিং পরিস্কার পরিষেবা প্রদানকারী কর্মী এবং 40 শতাংশ স্বাস্থ্যসেবা কর্মী অশ্বেতাঙ্গ। ডেলিভারি এবং শিশু পরিচর্যা পরিষেবাগুলিতেও অশ্বেতাঙ্গ মানুষেরা সামঞ্জস্যহীনভাবে প্রতিনিধিত্ব করছেন, এবং সামনের সারির কর্মচারিদের প্রায় এক তৃতীয়াংশ সদস্য নিম্ন-আয়ের পরিবারবর্গের।

সেইসাথে গভর্নর কুওমো আরো ঘোষণা করেছেন যে, COVID-19 রোগ নির্ণয় পরীক্ষা সহ হেলথ কেয়ার সার্ভিসকে নিউইয়র্ক সিটি সরকারি আবাসনের আবাসিকদের আছে নিয়ে আসতে, স্টেট, রেডি রেসপনডার্সের (Ready Responders) সাথে একটি নতুন অংশীদারীত্ব শুরু করছে। এই উদ্যোগে স্টেট, প্রতিনিধি গ্রেগ মিকস, প্রতিনিধি হাকিম জেফরিস, অ্যাটর্নি জেনারেল লেটিটিয়া জেমস, অ্যাসেমব্লী স্পিকার কার্ল হেস্টি এবং ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট রুবেন ডিয়াজ জুনিয়রের সাথেও অংশীদারীত্ব করবে। ব্রঙ্কসে হাইব্রিজ হাউজেস, ইডেনওয়াল্ড হাউজেস, ওয়াশিংটন হাউজেস এবং অ্যান্ড্রু জ্যাকসন হাউজেস; কুইন্সে কুইন্সব্রিজ হাউজেস এবং ব্রিভুর্ট হাউজেস; এবং ব্রুকলিনে রেড ফার্ন হাউজেস এবং হ্যামেল হাউজেস সহ নিউইয়র্ক সিটি জুড়ে বিভিন্ন স্থানে এই সপ্তাহে একটি প্রারম্ভিক পরীক্ষামূলক কর্মসূচি আরম্ভ হবে।

গভর্নর আরো ঘোষণা করেছেন যে স্টেট, সরকারি আবাসন কইমিউনিটিগুলিকে 500,000 কাপড়ের মাস্ক এবং 10,000 গ্যালন হ্যান্ড স্যানিটাইজার যোগান দেবে।

সেইসাথে, স্টেট একবার এই নিশ্চল অবস্থা থেকে বেরিয়ে এলে ডাউনস্টেট নিউইয়র্কে সিস্টেমগুলির উন্নতি করতে, গভর্নর, রিইমেজিং নিউইয়র্ক টাস্ক ফোর্স (Reimagine NY Task Force) তৈরির কথাও ঘোষণা করেছেন। টাস্ক ফোর্সটি স্টেট এবং নিউইয়র্ক সিটি মেয়র বিল ডি ব্লাসিও, ওয়েস্টচেস্টার কাউন্টি এক্সিকিউটিভ জর্জ ল্যাটিমার, নাসাউ কাউন্টি এক্সিকিউটিভ লা কুরান এবং সাফোক কাউন্টি এক্সিকিউটিভ স্টিভ বেলন দ্বারা পরিচালিত হবে এবং অন্যান্য স্থানীয় নির্বাচিত কর্মকর্তা এবং পরিবহন বিশেষজ্ঞদের নিয়ে গঠিত হবে।

COVID-19 স্বাস্থ্য সম্পর্কিত সংকটের মধ্যে যে সমস্ত শিক্ষার্থী বর্তমানে তাদের স্প্রিং সেমিস্টার কোর্সওয়ার্ক সম্পূর্ণ করছেন এবং যাদের প্রয়োজন আছে তাদের জন্য স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক সিস্টেম (SUNY) ৪,৪০০ এরও বেশি ল্যাপটপ এবং ক্রোমবুক বিতরণ করছে বলেও গভর্নর ঘোষণা করেছেন। যেহেতু স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক সিস্টেম (SUNY) এবং ক্যাম্পাসগুলি মার্চ মাসে ডিসট্যান্স লার্নিং এ পরিবর্তিত হওয়ার পরিকল্পনা করা শুরু করেছে, SUNY এর সিস্টেম পরিচালনাকারীগণ, শিক্ষার্থীদের প্রযুক্তিগত প্রয়োজনীয়তা অনুমান করতে 64টি ক্যাম্পাসের সবগুলিতে এবং কলেজগুলিতে সমীক্ষা করেছে, এবং সেই সমীক্ষার পর্যবেক্ষণ অনুযায়ী ল্যাপটপ বা ক্রোমবুকগুলি প্রদান করছে। রিমোট লার্নিং চলার সাথে সাথে SUNY প্রযুক্তিগত প্রয়োজনীয়তা মনিটর ও পূরণ করবে।

"অপরিহার্য্য পরিষেবার সাথে যুক্ত সরকারি কর্চারিবৃন্দ হলেন সেই সামনের সারির সৈনিক যারা প্রতিদিন আমাদের এই সংকট থেকে উদ্ধার করার জন্য লড়াই করছেন, এবং আমাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যেন তাদের এই প্রচেষ্টা এবং স্বার্থত্যাগ উপযুক্তভাবে স্বীকৃতি পায়," **গভর্নর কুওমো বলেন।** "এই সংকট এখনও কাটেনি, এবং যতদিন এই কর্মীবৃন্দ কাজ করতে থাকবেন এবং নিজেদের ভাইরাসের সংস্পর্শে রাখবেন, তাদের যথাযথভাবে ক্ষতিপূরণ দিতে হবে। জীবনের ঝুঁকি নিয়ে কাজ করার জন্য আমি যুক্তরাষ্ট্রীয় প্রশাসনকে এই সামনের সারির সৈনিকদের অতিরিক্ত

পারিশ্রমিক এবং 50 শতাংশ বোনাস দেওয়ার আহ্বান জানাচ্ছি কারণ এই সংকটের সময়ে তারাই আসল নায়ক।"

পরিশেষে, গভর্নর আরও 4,726 টি নভেল করোনাভাইরাস আক্রান্তের ঘটনা নিশ্চিত করেছেন, যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে মোট নিশ্চিত আক্রান্তের সংখ্যা 247,512 এ নিয়ে এসেছে। মোট 247,512 জন ব্যক্তি যারা ভাইরাসের জন্য নিশ্চিতভাবে সনাক্ত হয়েছেন, তাদের ভৌগলিক অবস্থান নিম্নরূপ:

কাউন্টি	মোট ইতিবাচক	নতুন ইতিবাচক
Albany	687	5
Allegany	30	0
Broome	199	7
Cattaraugus	34	0
Cayuga	36	0
Chautauqua	25	0
Chemung	73	0
Chenango	78	0
Clinton	51	2
Columbia	111	4
Cortland	25	0
Delaware	49	0
Dutchess	2,284	44
Erie	2,109	39
Essex	20	2
Franklin	13	0
Fulton	27	0
Genesee	119	2
Greene	86	1
Hamilton	3	0
Herkimer	49	0
Jefferson	54	0
Lewis	9	1
Livingston	39	0
Madison	106	0
Monroe	1,054	22
Montgomery	35	0
Nassau	30,677	664
Niagara	255	9
NYC	136,806	2,370

Oneida	279	4
Onondaga	509	11
Ontario	71	1
Orange	6,482	103
Orleans	46	0
Oswego	48	1
Otsego	49	1
Putnam	599	7
Rensselaer	177	4
Rockland	9,457	93
Saratoga	254	3
Schenectady	269	1
Schoharie	20	0
Schuyler	7	1
Seneca	18	0
St. Lawrence	110	5
Steuben	167	0
Suffolk	27,662	774
Sullivan	544	7
Tioga	37	2
Tompkins	119	2
Ulster	877	23
Warren	101	5
Washington	65	2
Wayne	50	0
Westchester	24,306	503
Wyoming	36	0
Yates	10	1

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন